১০৭

আজকের কাগজ

তারিখ 2-0 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৫

# দেবিদ্বারে মেধাবী ছাত্র-ছাত্রীদের রাজু বৃত্তি প্রদান

গত ১৩ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অস্ত্রমুক্ত বিশ্ববিদ্যালয় এবং সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন করার দাবিতে মিছিল করার সময় সন্ত্রাসকারীদের গুলিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্রনেতা মঈম হোসেন, রাজু ঘটনাস্থলেই শাহাদত বরণ করেন। তারই স্মরণে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন দেবিদ্বার থানা শাখা, দেবিদ্বার মুরাদনগর, ব্রাহ্মণপাড়া ও চান্দিনা থানার ৩৫টি স্কুলের নবম ও সপ্তম শ্রেণীর ছাত্র–ছাত্রীর মধ্যে "শহীদ রাজু স্মৃতি বৃত্তি পরীক্ষা '৯২ গত ১৮ সেপ্টেম্বর দেবিদ্বার আর, পি, উচ্চ বিদ্যালয়ে সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। বৃত্তি পরীক্ষার সার্বিক তত্ত্বাবধানে ছিলো আর, পি, উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক আঃ রাজ্জাক, উক্ত পরীক্ষায় প্রায় তিন শতাধিক ছাত্র–ছাত্রী অংশগ্রহণ করে। এতে মেধাবী তালিকায় ৬৪ জন নির্বাচিত হয়।

ঐতিহাসিক ১০ নভেম্বর "শহীদ রাজু স্মৃতি বৃত্তি পরীক্ষায় নির্বাচিত ছাত্র–ছাত্রীদের এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্যদিয়ে শহীদ রাজু স্মৃতি বৃত্তি প্রদান করা হয়। দেবিদ্বার থানা মিলনায়তনে শহীদ রাজু স্মৃতি বৃত্তি প্রদান '৯২ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন থানা ছাত্র ইউনিয়ন সহসভাপতি সুনীলচন্দ্র দাস, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহীদ মঈম হোসেন রাজুর বড় ভাই মনিম হোসেন রানা, বিশেষ অতিথি বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কেন্দ্রীয় কমিটির সহসভাপতি লতিফুল বারী হামিম ও কেন্দ্রীয় রাজু স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক ও বিশিষ্ট সাংবাদিক মোস্তাফিজুর রহমান।

আলোচনা শেষে কৃতকার্য ছাত্র–ছাত্রীদের মধ্যে নগদ টাকা, মুক্তিযুদ্ধ ভিত্তিক বই, শহীদ রাজুস্মৃতি বৃত্তি প্রদান '৯২ ও ছাত্র ইউনিয়ন মনোগ্রামকৃত কলম ও সার্টিফিকেট বিতরণ করেন প্রধান অতিথি মনিম হোসেন রানা। দেবিদ্বার থেকে রেবেকা সুলতানা হাসি।